

আজিজুল ইসলাম বারী | রংপুর | 09 May, 2025

লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলায় নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের উপজেলা সভাপতি শরিফুল ইসলাম (৩০) কে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।

শুক্রবার (৯ মে) ভোরে উপজেলার কাশীরাম গ্রাম থেকে তাদের গ্রেপ্তার করা হয়। শরিফুল ইসলাম কালীগঞ্জ উপজেলার কাশীরাম গ্রামের বাবলু মিয়ান ছিলেন।

পুলিশ জানান, ছাত্রলীগ সভাপতি শরিফুল ইসলাম সাবেক সমাজকল্যাণ মন্ত্রী ও তার পুত্র রাকিবুজ্জামান আহমেদের আস্থাভাজন কর্মী ছিলেন। তার বিরুদ্ধে রংপুর ও লালমনিরহাটে গত জুলাই ও আগস্ট মাসে বৈষম্য আন্দোলন কারীদের ওপর হামলা ও হত্যাচেষ্টার একাধিক মামলা রয়েছে।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম মালিক জানান, শরিফুল ইসলামকে গ্রেপ্তারের পর আদালতে পাঠানো হয়েছে। জিজ্ঞাসাবাদের জন্য তাকে রিমান্ডে নেওয়ার আবেদন করা হবে বলেও তিনি জানিয়েছেন।

ছাত্রলীগ গ্রেপ্তার পুলিশ